



জনাব ড. মোঃ মিজানুর রহমান
অধ্যক্ষ,
মাগুরা সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ

সংক্ষিপ্ত পরিচিতি

জনাব ড. মোঃ মিজানুর রহমান গত ০৭ই ফেব্রুয়ারী, ২০২৩ খ্রিঃ মাগুরা সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ পদে যোগদান করেন। তিনি পূর্বে গোপালগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে অধ্যক্ষ পদে কর্মরত ছিলেন।

বর্ণালী কর্মজীবনে জনাব ড. মোঃ মিজানুর রহমান দেশের বিভিন্ন স্বনামধন্য কারিগরি প্রতিষ্ঠানের প্রশাসনিক গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। জনাব ড. মোঃ মিজানুর রহমান ১৯৮৮ সালে আজিজ পাইপস্ ইন্ডাস্ট্রিতে সহকারী প্রকৌশলী হিসাবে কর্মজীবন শুরু করেন। তিনি ১৯৯৪ সালে বরিশাল সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে সিনিয়র ট্রেড ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) হিসাবে প্রথম শিক্ষকতা পেশায় যোগদান করেন। অতঃপর ২০০৩ সালে মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে চীফ ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) এবং ২০০৪ সালের ফেনী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের প্রতিষ্ঠাকালীন অধ্যক্ষ হিসাবে যোগদান করেন। পরবর্তীতে তিনি হোসেনাবাদ, কুষ্টিয়া, শরিয়তপুর এবং রাজবাড়ী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে অধ্যক্ষ হিসাবে কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেন। তার উপস্থিতিতে এই সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার যেমন অগ্রগতি সাধন হয়েছে, তেমন প্রশাসনিক ও একাডেমিক কাঠামোর ঘটেছে ব্যাপক উন্নতি। অবকাঠামোগত বিভিন্ন উন্নয়ন ও বৃক্ষরোপণ কার্যক্রমে তার ভূমিকা ছিল অগ্রগণ্য। বরিশাল সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে কর্মরত অবস্থায় তিনি বিদ্যুৎ বিশেষজ্ঞ শিক্ষক হিসাবে স্বীকৃতি লাভ করেন। মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে কর্মরত অবস্থায় ২০০৪ সালের শিক্ষা সপ্তাহে তিনি মানিকগঞ্জ সদর উপজেলার শ্রেষ্ঠ কলেজ শিক্ষক নির্বাচিত হন। রাজবাড়ী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে কর্মরত অবস্থায় তিনি ২০১২ সালে রাজবাড়ী জেলার ৫ জন শ্রেষ্ঠ শিক্ষকের মধ্যে একজন হওয়ার গৌরব অর্জন করেন। তিনি জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৬, ২০১৭, ২০১৮ এবং ২০১৯ এ কারিগরি শিক্ষায় ঢাকা বিভাগের শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান নির্বাচিত হন। তিনি ২০১৫ সালে রাজবাড়ী জেলার শ্রেষ্ঠ উদ্ভাবক নির্বাচিত হন। ১৯৯৫ সালে যখন শিক্ষার্থীদের জন্য কারিগরি বিষয়ের বাংলায় লেখা ভাল বই ছিল না, তখন তিনি জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস-১ ও জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস-২ বই দুটি রচনা করেন, যা হক পাবলিকেশন্স প্রকাশ করে। বই দুটি তখন থেকেই খুবই সমাদৃত। তিনি বিভিন্ন সভা সেমিনারে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন। বাংলাভিশন জার্নাল, আই ডি ই বি এর মুখপাত্র কারিগরসহ বিভিন্ন দৈনিক পত্রিকা ও সাময়িকীতে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক গবেষণামূলক লেখায় নিয়োজিত আছেন। তিনি একাধারে কারিগরি শিক্ষা বোর্ডের একজন প্রশ্ন প্রণেতা, প্রধান নিরীক্ষক, পাঠ্য পুস্তক লেখক। তিনি কারিগরি শিক্ষা বোর্ডের জাতীয় পাঠ্যক্রম প্রণয়ন কমিটির অন্যতম সদস্য। এছাড়াও তিনি কারিগরি শিক্ষা অধিদপ্তর ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন।

জনাব ড. মোঃ মিজানুর রহমান গত ০৭ই ফেব্রুয়ারী, ২০২৩ খ্রিঃ মাগুরা সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ পদে যোগদান করেন। তিনি অতি অল্প সময়ে অসাধারণ ব্যক্তিত্ব এবং ডায়নামিক কর্মদক্ষতার মাধ্যমে সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের মনে জায়গা করে নিয়েছেন। একজন মানবিক ও শিক্ষার্থী-বান্ধব অধ্যক্ষ হওয়ায় তিনি অতি দ্রুত সময়ের ভিত্তিতে শিক্ষার্থীদের প্রিয়মুখ এবং আস্থাভাজন হয়ে উঠেছেন। তার সূনিপুন পরিচালনায় এবং দক্ষ ও নিবিড় পরিচর্যায় কাশিয়ানী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ দিন দিন উন্নতির মাধ্যমে কারিগরি শিক্ষাঙ্গনের অন্যতম একটি প্রতিষ্ঠানে রূপান্তরিত হচ্ছে।

শিক্ষাজীবন:

ছাত্রজীবনে জনাব ড. মোঃ মিজানুর রহমান ছিলেন অত্যন্ত মেধাবী। প্রবল মেধাবী ও শিক্ষানুরাগী হওয়ার দরুন তার মধ্যে উচ্চশিক্ষার ঝাঁক ছিল সেই ছোট থেকেই। তিনি ওআইসি-এর অংগসংগঠন ইসলামিক ইউনিভার্সিটি অফ টেকনোলজি (IUT) থেকে স্নাতক ডিগ্রি অর্জন করেন। এছাড়া, তিনি এলএলবি, এমএড, ডিপ্লোমা, এমবিএ এবং পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি দেশে বিদেশে বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ গ্রহণ করেছেন, তন্মধ্যে Philippines-এ Leadership Training, Leadership and Management Development Training এবং China-তে Mid Level Management Program এবং Senior Leadership Management Program উল্লেখযোগ্য।

জনাব ড. মোঃ মিজানুর রহমান ১৯৬৬ সালে ফরিদপুরের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে জনাব রহমান এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক। কন্যা মোসাদ্দিকা রহমান বাঁধন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের Urban and Regional Planning বিভাগের মেধাবী ছাত্রী। ছেলে মুহাইমিনুর রহমান রাকিব গোপালগঞ্জ এস এম মডেল সরকারি উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণীর বিজ্ঞান বিভাগের মেধাবী ছাত্র। তাঁর সহধর্মিণী সামীমা ইয়াসমিন বরিশাল বিএম কলেজ থেকে ২০০০ সালে Islamic History and Culture-এ মাস্টার্স ডিগ্রি অর্জন করেন।

তিনি সকলের দোয়াপ্রার্থী।